ISSN 2227-9776

সি এস ই
বাজার পরিক্রমা

জুন ২০১৮

CHITTAGONG STOCK EXCHANGE

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ

বোর্ড অব ডাইরেক্টরস্

ড. এ. কে. আবদুল মোমেন	চেয়ারম্যান
মেজর জেনারেল মোহাম্মদ শামীম চৌধুরী, এনডব্লিউসি, পিএসসি (অবঃ)	ডাইরেক্টর
প্রফেসর মমতাজ উদ্দিন আহমেদ এফসিএমএ	ডাইরেক্টর
ড. মোহাম্মদ আইয়ুব ইসলাম	ডাইরেক্টর
ডাঃ মইনুল ইসলাম মাহমুদ	ডাইরেক্টর
প্রফেসর এস. এম. সালামত উল্লাহ ভুঁইয়া	ডাইরেক্টর
প্রদীপ পাল এফসিএমএ, এফসিএ	ডাইরেক্টর
মীর্জা সালমান ইস্পাহানী	ডাইরেক্টর
মেজর (অবঃ) মোঃ এমদাদুল ইসলাম	ডাইরেক্টর
শাহজাদা মাহমুদ চৌধুরী	ডাইরেক্টর
মোঃ ছায়েদুর রহমান	ডাইরেক্টর
এম সাইফুর রহমান মজুমদার এফসিএ, এফসিএমএ	ব্যবস্থাপনা পরিচালক পদাধিকার বলে ডাইরেক্টর

প্রাক্তন প্রেসিডেন্ট/চেয়ারম্যানবৃন্দ

আমির খসরু মাহমুদ চৌধুরী	০১.০৪.১৯৯৫ থেকে ২৪.১২.২০০১
মীর্জা সালমান ইস্পাহানী	২৫.১২.২০০১ থেকে ১৮.১১.২০০৩
হাবিবুল্লাহ খান	১৯.১১.২০০৩ থেকে ১৪.১২.২০০৫
এমকেএম মহিউদ্দিন	১৫.১২.২০০৫ থেকে ১৫.১১.২০০৭
নাসিরউদ্দিন আহমেদ চৌধুরী	১৬.১১.২০০৭ থেকে ০৮.১১.২০০৯
ফখর উদ্দিন আলী আহমেদ	০৮.১১.২০০৯ থেকে ০১.১২.২০১১
আল-মারুফ খান এফ.সি.এ.	০২.১২.২০১১ থেকে ১৫.০২.২০১৪
ড. মোহাম্মদ আবদুল মজিদ	১৩.০২.২০১৪ থেকে ১২.০২.২০১৭

এডিটোরিয়াল প্যানেল

খালেদ হামিদী
ম্যানেজার, হেড অফ পাবলিকেশন

মির্জা সুলতানা রাজিয়া
অ্যাসিসট্যান্ট ম্যানেজার

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ

কর্পোরেট অফিস :
১০৮০ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০৩১-৭১৪৬৩২-৩, ৭২০৮৭১-৩, ৭২৬৮০১-৫
ফ্যাক্স : ৮৮ ০৩১-৭১৪১০১
e-mail : cse@cse.com.bd; info@cse.com.bd
website : www.cse.com.bd
www.bangladeshstockmarket.com

ঢাকা অফিস :
ইউনুস ট্রেড সেন্টার লিমিটেড (লেভেল-১৫)
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোন : ৮৮ ০২-৯৫১৩৯১১-২০, ফ্যাক্স : ৮৮ ০২-৯৫১৩৯০৬

সিলেট অফিস :
আনন্দ টাওয়ার (৪র্থ তলা), উত্তর ধোপাদিঘীর পাড়, জেল রোড, সিলেট-৩১০০
ফোন : ৮৮ ০৮২১ ৭২১২১৩, ৭২১২১৫, ফ্যাক্স : ৮৮ ০৮২১ ৭২১২১৪

সিএসই বাজার পরিক্রমায় পরিসংখ্যান হিসেবে উপাত্তগুলো উপস্থাপনের ক্ষেত্রে যথাসাধ্য সাবধানতা অবলম্বর করা হয়েছে, যাতে উপাত্তগুলো নির্ভুলভাবে পরিবেশিত হয়। প্রকাশিত এসব তথ্য ও উপাত্তের ভিত্তিতে কেউ বিনিয়োগের সিদ্ধান্ত নিয়ে ক্ষতিগ্রস্ত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

সম্পাদকীয়

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পুঁজিবাজারের উন্নয়নে প্রথমত স্থানীয় ও বিদেশী উদ্যোক্তাদের উৎসাহিত করতে বাজেটারি ফ্রেমওয়ার্কের অধীনে নীতি-সহায়তা অনুমোদন এবং দ্বিতীয়ত বিদেশী কোম্পানির তালিকাভুক্তির জন্যে আইনি যৌক্তিক দৃঢ়তা নিশ্চিতকরণের ওপর গুরুত্বারোপ করে। যেমন তালিকাভুক্ত কোম্পানিসমূহ-ঘোষিত লভ্যাংশ আয় করমুক্ত করা, তালিকাভুক্ত ও অ-তালিকাভুক্ত কোম্পানিসমূহের মধ্যকার কর্পোরেট কর হারের ব্যবধান বিদ্যমান ১০%-এর স্থলে ১৫% নির্ধারণ, নতুন তালিকাভুক্ত কোম্পানিগুলোকে মধ্য মেয়াদে ৩ বছরের জন্যে আয়করমুক্ত রাখা, প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের ওপর থেকে ক্যাপিটাল গেইন ট্যাক্স প্রত্যাহার, ট্রেড ভলিউমের উৎসে কর বিদ্যমান ০.০৫% থেকে ০.০১৫%-এ হ্রাসকরণ এবং খুবই বিপজ্জনক আকারে থাকা মিউচ্যুয়াল ফান্ড বা বিনিয়োগ খাতকে ফলপ্রসূ পলিসি, পুনর্গঠন ও উৎসাহব্যঞ্জক উদ্যোগ গ্রহণের মাধ্যমে চাঙ্গাকরণের মতো নীতি-সহায়তা পুঁজিবাজারের স্থিতিশীলতা ত্বরান্বিত করতে একান্ত প্রয়োজন।

এ ছাড়াও বিদেশী কোম্পানির তালিকাভুক্তির জন্যে বিএসইসির এ-সংক্রান্ত নোটিফিকেশনের বাস্তবায়ন দরকার যাতে এ-কোম্পানিগুলোর স্টেকের অন্তত ন্যূনতম অংশ অফলোড হতে পারে। বিদেশী কোম্পানির শাখা অথবা লিয়াজোঁ অফিসগুলো মূল কোম্পানির এক্সটেনশন বা সম্প্রসারণ হিসেবে বিবেচিত। এগুলোকে ক্রমান্বয়ে প্যারেন্ট ফরেন ব্যাংক, ইন্স্যুরেন্স কোম্পানি প্রভৃতির সাবসিডিয়ারি কোম্পানিতে রূপান্তরিত করে, তালিকাভুক্তির মাধ্যমে, বাধ্যতামূলক পাবলিক পার্টিসিপেশনের অধীনে আনা যায়। এ ছাড়াও, ইপিজেড এলাকার 'এ' টাইপ কোম্পানিগুলোকেও তালিকাভুক্ত করা যায়। এ ক্ষেত্রে তালিকাভুক্তির মাধ্যমে ন্যূনতম জনঅংশগ্রহণ যুক্ত করতে 'এ' টাইপ কোম্পানির সংজ্ঞা পুনঃনির্ধারিত হতে পারে। তাছাড়া বিভিন্ন বাণিজ্যিক প্রকল্পের জন্যে বিশেষ সুদ হারে যেসব ফরেন ফান্ড বা বিদেশী তহবিল সংগৃহীত হয় তা বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদনের মাধ্যমেই হয়। এ ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংক এই ফান্ডগুলির পুঁজিবাজারে এনলিস্টমেন্টের বিষয়টি ভেবে দেখতে পারে।

তবে পুঁজিবাজারের উন্নয়নে সবচেয়ে জরুরি পলিসি মেকারদের সমন্বিত উদ্যোগ। এ ক্ষেত্রে জাতীয় সমন্বয় কমিটি গঠন করা যেতে পারে। বাংলাদেশ ব্যাংক, এনবিআর, বিএসইসি, বিআইডিএ, আইডিআরএ, ডিএসই, সিএসই প্রভৃতি প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বয়ে এ কমিটি গঠিত হতে পারে। পুঁজিবাজারের উন্নয়নে প্রয়োজনীয় নীতি নির্ধারণ ও পর্যালোচনার জন্যে এ কমিটি প্রয়োজন। তাছাড়া বাজারে অধিকতর অংশগ্রহণ নিশ্চিত করতে আইসিবিকে শক্তিশালী করতে হবে। স্ক্রিপ নেটিং সুবিধা চালু হতে পারে। উদ্যোক্তা/পরিচালকদের আবশ্যিক শেয়ারহোল্ডিং সংক্রান্ত নির্দেশনাসমূহও পুনরায় মূল্যায়ন করে সেগুলো সেই অনুসারে নিশ্চিত করা যায়। রাষ্ট্রায়ত্ত কোম্পানির দ্রুত তালিকাভুক্তি আবশ্যক। ইনস্টিটিউশনসমূহের ক্যাপিটাল মার্কেট এক্সপোজার লিমিট যৌক্তিকভাবে মূল্যায়িত হতে পারে। পুঁজিবাজারে আইসিবির স্পেশালাইজড ইনভেস্টমেন্ট বিবেচনায় আইসিবির সিঙ্গল বোরোয়ারস্ লিমিট পুনর্মূল্যায়িত হতে পারে। পরিশেষে এও বলতে হয়, অর্থনীতিতে বিপুল অঘোষিত অর্থ (আনডিসক্লোজড্ মানি) চ্যানেলাইজড্ বা সক্রিয় করতে একটি নীতি প্রণীত হতে পারে যাতে এই অর্থ পুঁজিবাজারে বিনিয়োগ করা যায়।

মাইল ফলক

- ১২ ফেব্রুয়ারি ১৯৯৫ : বাংলাদেশ সরকারের অনুমোদন লাভ
- ১ এপ্রিল ১৯৯৫ : লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধন
- ১০ অক্টোবর ১৯৯৫ : ফ্লোর ট্রেডিংয়ের সূচনা
- ১ জানুয়ারি ১৯৯৬ : ওয়ার্ল্ড ফেডারেশন অফ এক্সচেঞ্জস্ (প্রাক্তন এফআইবিভি)-এর করেসপন্ডিং সদস্য পদ লাভ
- ২ জুন ১৯৯৮ : স্বয়ংক্রিয় লেনদেন পদ্ধতির সূচনা
- ১৬ জানুয়ারি ২০০০ : সাউথ এশিয়ান ফেডারেশন অফ এক্সচেঞ্জেস (সেফ) গঠন
- ২৬ জানুয়ারি ২০০৪ : সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিঃ (সিডিবিএল) গঠন
- ৩০ মে ২০০৪ : ইন্টারনেট ট্রেডিং সার্ভিস (আইটিএস) চালুকরণ
- ৪ জুলাই ২০০৪ : ওভার-দ্য-কাউন্টার মার্কেট-এর সূচনা
- ১৪ জুলাই ২০০৪ : আনুষ্ঠানিক প্রস্তাব উত্থাপনের মাধ্যমে সিএসইর সিকিউরিটিজ ইনস্টিটিউট প্রতিষ্ঠার ধারণা প্রকাশ
- ১৪ ডিসেম্বর ২০০৫ : বাংলাদেশে প্রথমবারের মতো পুঁজিবাজার মেলা অনুষ্ঠান
- ১০ মার্চ ২০০৭ : দেশে প্রথমবারের মতো পুঁজিবাজার প্রশিক্ষণ কর্মসূচি (কমপ্রিহেনসিভ ট্রেনিং প্রোগ্রাম)-র সূচনা
- ১২ জুন ২০০৭ : সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কাছে ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস্ বিষয়ক রেগুলেটরি ফ্রেমওয়ার্ক-এর খসড়া পেশ
- ১৮ অক্টোবর ২০০৮ : সিএসইর ওআইসি মেম্বার স্টেস্ স্টক এক্সচেঞ্জ ফোরামের সদস্য পদ লাভ
- ২২ ফেব্রুয়রি ২০১০ : বুক বিল্ডিং মেথড চালুকরণ, ওশেন কন্টেইনার্স লিঃ-এর আইপিও প্রাইস ডিসকভারির জন্য
- ২৮ নভেম্বর ২০১০ : নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস) -এর জন্যে সিএসইর মিলেনিয়াম আইটি সফটওয়্যার লিঃ ও পোলারিস সফটওয়্যার ল্যাব লিঃ-এর সাথে চুক্তি স্বাক্ষর
- ১৩ জানুয়ারি ২০১১: বিধিমালার অধীনে শর্ট সেইলের লেনদেন সম্পাদন
- ২৬ সেপ্টেম্বর ২০১১ : বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্কের মাধ্যমে, বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো, অরিজিনেটর হিসেবে, সিএসইর ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার চালুকরণ
- ২০ অক্টোবর ২০১১ : নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস) এবং নতুন ওয়েবসাইট চালুকরণ
- ২২ জুলাই ২০১২ : সিএসইর ডিজাসটার রিকভারি সিস্টেম (ডিআরএস) চালুকরণ
- ২৮ অক্টোবর ২০১৩ : সিএসই ওয়ার্ল্ড ফেডারেশন অফ এক্সচেঞ্জেস (ডব্লিউএফই)-এর করেসপন্ডেন্ট মেম্বার থেকে এফিলিয়েট মেম্বারে উন্নীত হয়।
- ৩ নভেম্বর ২০১৩ : সিএসইতে লেনদেন নিষ্পত্তির সময়সীমা টি+৩ থেকে টি+২ করা হয়।
- ২১ নভেম্বর ২০১৩ : ডিমিউচুয়ালাইজড এক্সচেঞ্জ হিসেবে সিএসইর আত্মপ্রকাশ।
- ১৫ ফেব্রুয়ারি ২০১৪ : ডিমিচুয়ালাইজড স্টক এক্সচেঞ্জ হিসেবে সিএসইর ১ম বোর্ড মিটিং অনুষ্ঠিত।
- ১২ অক্টোবর ২০১৪ : সিএসইর সিএসই শরিয়াহ্ ইনডেক্স ও সিএসই-৫০ বেঞ্চমার্ক ইনডেক্স চালুকরণ।
- ২২-২৩ অক্টোবর ২০১৪ : বাংলাদেশে প্রথমবারের মতো সিএসই ইন্টারনেট ট্রেড ফেয়ার অনুষ্ঠিত।
- ৩১ জানুয়ারি ২০১৭ : সিএসইর, জাতিসংঘের সাস্টেইনেবল স্টক এক্সচেঞ্জেস ইনিশিয়েটিভ-এর পার্টনার এক্সচেঞ্জ হয়ে ওঠা।

কম্প্লেইন সেল:

বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশক্রমে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের চট্টগ্রাম, ঢাকা ও সিলেট অফিসে কমপ্লেইন সেল খোলা হয়েছে। এই অভিযোগ কেন্দ্রের মাধ্যমে বিনিয়োগকারীগণ এখন থেকে ইস্যুয়ার বা তালিকাভুক্ত কোম্পানীর বিরুদ্ধে কোনেঅভিযোগ থাকলে তা সরাসরি জানাতে পারবেন। কমপ্লেইন সেল-এর সাথে সাথে সিএসইর ইনভেস্টরস্ ইনফরমেশন সেল (আইআইসি)- ও সক্রিয়রয়েছে। বিস্তারিত জানার জন্যে যোগাযোগ করুন:

কর্পোরেট অফিস :

১০৮০ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০৩১-৭১৪৬৩২-৩, ৭২০৮৭১-৩, ৭২৬৮০১-৫
ফ্যাক্স : ৮৮ ০৩১-৭১৪১০১
e-mail : cse@cse.com.bd; info@cse.com.bd
website : www.cse.com.bd; www.bangladeshstockmarket.com

ঢাকা অফিস :

ইউনুস ট্রেড সেন্টার লিমিটেড (লেভেল-১৫)
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোন : ৮৮ ০২-৯৫১৩৯১১-২০, ফ্যাক্স : ৮৮ ০২-৯৫১৩৯০৬

সিলেট অফিস :

সিলেট অফিস :
আনন্দ টাওয়ার (৪র্থ তলা), উত্তর ধোপাদিঘীর পাড়,
জেল রোড, সিলেট-৩১০০
ফোন : ৮৮ ০৮২১ ৭২১২১৩, ৭২১২১৫, ফ্যাক্স : ৮৮ ০৮২১ ৭২১২১৪

সূচি পত্র

জাতীয় অর্থনৈতিক নির্দেশক	০৫
আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ ও কমোডিটি এক্সচেঞ্জ	০৬
স্বপ্ন পূরণের বাজেট ২০১৮-২০১৯: রূপরেখা ও প্রস্তাবনা। *অধ্যাপক ড. এ. কে. আবদুল মোমেন*	০৭
অর্থনৈতিক সংবাদ	১৩
কর্পোরেট সংবাদ	১৫
এক্সচেঞ্জ সংবাদ	১৭
বিএসইসি প্রেস বিজ্ঞপ্তি	২০

সিএসই বাজার পরিসংখ্যান

এক নজরে বার্ষিক বাজার পরিসংখ্যান ও সিএসই বিলবোর্ড : মে ২০১৮	২৪
সিএসই বাজার, মূল্যসূচক, বাজার মূলধন ও পরিশোধিত মূলধনের বার্ষিক গতিপ্রকৃতি : মে ২০১৮	২৫
সিএসই খাত ভিত্তিক বাজার নির্দেশক ও সিএসই বাজার গতিপ্রকৃতি : মে ২০১৮	২৬
রাইটস শেয়ার ও খাতভিত্তিক পরিসংখ্যান ৩১/০৫/২০১৮	২৭
সেক্টোরাল ইনডেক্স : মে ২০১৮ ও দৈনিক সিএসই সূচক, বাজার মূলধন ও লেনদেন : মে ২০১৮	২৮
সিএসই সূচক, বাজার মূলধন ও বাজার মূলধনের মাসিক গতিপ্রকৃতি : মে ২০১৮	২৯
সিএসই-৩০ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : মে ২০১৮	৩০
সিএসই-৫০ বেঞ্চমার্ক মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : মে ২০১৮	৩১
সিএসই শরিয়াহ্ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : মে ২০১৮	৩২
লেনদেনে শীর্ষ খাত : মে ২০১৮ ও দৈনিক গড় লেনদেন শীর্ষ ২০ সিকিউরিটিজ : মে ২০১৮	৩৬
সপ্তাহ ভিত্তিক বাজার প্রবণতা : মে ২০১৮	৩৭
কোম্পানি কুক ক্লোজার, বাজারে আইপিও/নতুন তালিকাভুক্ত, : মে ২০১৮	৩৮
ক্যাটাগরিভিত্তিক পরিশোধিত মূলধন, বাজার মূলধন : মে ২০১৮	৩৯
শীর্ষ সক্রিয় ট্রেক হোল্ডার : : মে ২০১৮	৪০
বিনিয়োগ খাত, মূল্য-এনএভি অনুপাত : মে ২০১৮	৪১
বিনিয়োগ খাতের গতিপ্রকৃতি : মে ২০১৮	৪২
দৈনিক মূল্যবৃদ্ধিপ্রাপ্ত ও মূল্যহ্রাসপ্রাপ্ত কোম্পানি : মে ২০১৮	৪৩
দৈনিক লেনদেনের বিবরণী ও গতিপ্রকৃতি : মে ২০১৮	৪৪
দর বৃদ্ধিতে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : মে ২০১৮	৪৫
দর হ্রাসে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : মে ২০১৮	৪৬
সর্বনিম্ন পিই অনুপাত, সর্বোচ্চ শেয়ার প্রতি আয়, সর্বোচ্চ শেয়ার প্রতি নেট অ্যাসেট ভ্যালু ও সর্বোচ্চ ডিভিডেন্ড ঈল্ড : মে ২০১৮	৪৭
বাজার মূলধনে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : মে ২০১৮	৪৮
লেনদেনে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : মে ২০১৮	৪৯
ফিরে দেখা : মে ২০১৮	৫০
তালিকাভুক্ত সিকিউরিটিজের শেয়ার হোল্ডিং কম্পোজিশন	৫১
তালিকাভুক্ত সিকিউরিটিজের অর্ধ-বার্ষিক ও ত্রৈমাসিক হিসাব	৫৫
তালিকাভুক্ত সিকিউরিটিজের বাজার মূল্য : মে ২০১৮	৬৩
তালিকাভুক্ত সিকিউরিটিজের পরিসংখ্যান	৭০
সিএসইর ওভার দ্য কাউন্টারভুক্ত সিকিউরিটিসমূহ	৭৯

Economic Outlook

31 May 2018

1.		30 May, 2017	30 June, 2017	30 April, 2018	30 May, 2018			
	Foreign Exchange Reserve (In million US$)	32230.73	33492.95	33109.53	32228.96			
2.		30 May, 2017	29 June, 2017	30 April, 2018	30 May, 2018			
	Interbank Taka-USD Exchange Rate (Average)	80.5516	80.5988	82.9800	83.7000			
3.	**Call Money Rate**	30 May, 2017	29 June, 2017	30 April, 2018	30 May, 2018			
	Weighted Average Rate	3.83	4.06	3.13	3.01			
4.	**Broad/Overall Share Price Index**	30 May, 2017	29 June, 2017	30 May, 2018	Percentage change			
					From June, 2017		From June, 2016	
	a) Dhaka Stock Exchange (DSE)@	5373.25	5656.04	5395.75	-4.60		19.20	
	b) Chittagong Stock Exchange (CSE)	16600.05	17516.71	16687.68	-4.73		20.27	
5.		April, 2017	July-Apr.'16-17	April, 2018^{P}	July-Apr.'17-18^{P}		FY 2016-17^{P}	
	a) **Wage Earners' Remittances** (In million US$)	1092.64	10287.23	1327.18	12088.18		12769.45	
	b) Annual Percentage Change	-8.27	-16.03	21.47	17.51		-14.48	
6.		March, 2017	Jul-Mar'16-17	March, 2018^{P}	Jul-Mar. '17-18^{P}		FY 2016-17^{P}	
	a) **Import (C&F)** (In million US$)	4311.20	34983.60	4842.40	43557.40		47005.20	
	b) Annual Percentage Change	17.99	11.07	12.32	24.51		9.00	
		March, 2017	Jul-Mar'16-17	March, 2018^{P}	Jul-Mar '17-18^{P}		FY 2016-17^{P}	
	a) **Import(f.o.b)** (In million US$)	3989.20	32369.00	4480.00	40300.00		43491.00	
	b) Annual Percentage Change	17.97	11.06	12.30	24.50		9.00	
7.		April, 2017*	July-Apr.'16-17*	April, 2018^{P*}	July-Apr.'17-18^{P*}		FY 2016-17	
	a) **Export** (EPB) (In million US$)	2758.60	28575.20	2954.86	30406.41		34846.84	
	b) Annual Percentage Change	2.85	3.39	7.11	6.41		1.72	
8.		Jul-Mar'16-17		Jul-Mar '17-18^{P}	FY 2016-17^{P}		FY 2015-16	
	Current Account Balance (In million US$)	-1372.0		-7083.0	-1480.0		4262.0	
9.		March, 2017	July-Mar.'16-17	March, 2018^{P}	July-Mar.'17-18^{P}		FY 2016-17	
	a) **Tax Revenue** (NBR) (Tk. in crore)	17327.66	126594.57	18606.17	144963.63		185003.69	
	b) Annual Percentage Change	23.13	20.06	7.38	14.51		18.96	
10.	**Investment in National Savings Certificates** (Tk. in crore)	April, 2017	July-Apr.'16-17	April, 2018^{P}	July-Apr.'17-18^{P}		FY 2016-17	
	a) Net sale	4451.26	42099.69	3354.18	40063.19		52417.48	
	b) Total Outstanding	180918.42	180918.42	231299.40	231299.40		191236.22	
11.		April, 2017	June, 2017	April, 2018^{P}	Percentage change			
					Apr'18 over Apr'17	Jul-Apr. 2017-18^{P}	Jul-Apr. 2016-17	FY 2016-17
	a) **Reserve Money** (RM) (Tk. in crore)	191504.30	224659.40	212381.00	10.90	-5.47	-0.88	16.28
	b) **Broad Money** (M2) (Tk. in crore)	971263.70	1016076.10	1059468.20	9.08	4.27	5.99	10.88
12.	**Total Domestic Credit** (Tk. in crore)	850268.00	890670.20	972474.00	14.37	9.18	6.11	11.16
	a) Net Credit to the Govt. Sector	84166.10	97333.50	71628.90	-14.90	-26.41	-26.31	-14.78
	b) Credit to the Other Public Sector	16854.10	17280.20	19334.30	14.72	11.89	5.00	7.66
	c) Credit to the Private Sector	749247.80	776056.50	881510.80	17.65	13.59	11.66	15.66

13.		July-Apr, FY17		July-Apr, FY18^{P}		Percentage change				
						July-Apr, FY18		July-Apr, FY17		FY 2016-17
	L/C Opening and Settlement (million US$)	Opening	Settlement	Opening	Settlement	Opening	Settlement	Opening	Settlement	Settlement
	a) Food grains (Rice & Wheat)	1138.32	976.87	3370.65	2699.81	196.11	176.37	30.69	12.19	2.78
	b) Capital Machinery	4314.59	4199.17	5644.89	4399.38	30.83	4.77	29.38	67.41	37.39
	c) Petroleum	2153.64	2125.67	2926.11	2590.77	35.87	21.88	32.37	10.32	3.30
	d) Industrial Raw Materials	14751.13	13598.36	16597.58	15089.69	12.52	10.97	17.96	14.73	3.52
	e) Others	17610.11	16473.75	32188.79	18218.26	82.79	10.59	33.13	26.11	12.77
	Total	**39967.79**	**37373.82**	**60728.02**	**42997.91**	**51.94**	**15.05**	26.62	23.67	**10.47**
14.	**Rate of Inflation on the basis of Consumer Price Index for National (Base:2005-06=100)**	Dec. 2013	June, 2015	Dec. 2015	June, 2017	October, 2017	November, 2017	December, 2017	March, 2018	April, 2018
	a) Twelve Month Average Basis	7.53	6.40	6.19	5.44	5.59	5.64	5.70	5.82	5.83
	b) Point to Point Basis	7.35	6.25	6.10	5.94	6.04	5.91	5.83	5.68	5.63
	Corresponding Period	Dec. 2012	June, 2014	Dec. 2014	June, 2016	October, 2016	November, 2016	December, 2016	March, 2017	April, 2017
	a) Twelve Month Average Basis	6.22	7.35	6.99	5.92	5.66	5.60	5.52	5.39	5.38
	b) Point to Point Basis	7.14	6.97	6.11	5.53	5.57	5.38	5.03	5.39	5.47
15.	**Classified Loan**	December, 2014	June, 2015	December, 2015	June, 2016	December, 2016	March, 2017	June, 2017	September, 2017	December, 2017
	a) Percentage Share of Classified Loan to Total Outstanding	9.69	9.67	8.79	10.06	9.23	10.53	10.13	10.67	9.31
	b) Percentage Share of Net Classified Loan	2.68	2.81	2.26	2.81	2.33	2.90	2.62	2.92	2.20
16.	**Agricultural and Non-farm Rural Credit (Tk. in crore)**	March '17	April '17	July-Apr.'16-17	March, '18	April, '18	July-Apr. '17-18^{P}	FY 2016-17^{P}	FY 2015-16	FY 2014-15
	a) Disbursement **	1880.97	1434.27	17244.69	1693.75	1738.72	17952.89	20998.70	17646.39	15978.46
	b) Recovery	1648.77	1378.34	15343.30	1797.65	2217.64	17612.28	18841.16	17056.43	15406.96
	c) Outstanding	37128.07	37148.24	37148.24	40420.62	39998.70	39998.70	39047.57	34477.37	32936.80
17.	**SME Loan (Tk. in crore)**	Apr.-Jun.'15-16	Jul.-Sep.'16-17	Oct.-Dec.'16-17	Jan.-Mar.'16-17	Apr.-Jun.'16-17	Jul.-Sep.'17-18	Oct.-Dec.'17-18^{P}	2017	2016
	a) Disbursement	37106.49	31535.36	40743.24	40620.54	42886.20	39539.39	38764.71	161810.84	141935.38
	b) Outstanding	160493.49	160659.39	172639.00	174565.12	182705.80	190106.39	202410.85	202410.85	172639.00
18	**Industrial Term Loan (Tk. in crore)**	Jul.-Sep.'16-17	Oct.-Dec.'16-17	Jan.-Mar.'16-17	Apr.-Jun.'16-17	Jul.-Sep.'17-18	Oct.-Dec.'17-18^{P}	FY 2016-17^{P}	FY 2015-16	FY 2014-15
	a) Disbursement	13044.95	19575.20	15783.08	13751.85	15765.99	17881.23	62155.08	65538.69	59783.70
	b) Recovery	12423.03	13679.28	14547.05	11445.21	15513.74	18639.32	52094.57	48225.29	47540.81
	c) Outstanding	147715.75	155498.81	161228.77	170988.19	175852.75	185016.12	170988.19	146102.19	123142.68
19.		2009-10	2010-11	2011-12	2012-13	2013-14	2014 -15	2015 -16	2016 -17^{R}	2017-18^{P}
	GDP Growth Rate (in percent, **Base: 2005-06=100**)	5.57	6.46	6.52	6.01	6.06	6.55	7.11	7.28	7.65

Note: ** = About 88.00% of the target for Agricultural Credit disbursement has been achieved in first ten months of the current fiscal. R=Revised, P=Provisional.
@= DSE has been publishing Broad Index instead of General Index from 1st August, 2013.
*Revised according to the revised definition (Primary Commodities+Manufactured Commodoties) of Commodity exports by EPB.

Source : Bangladesh Bank's website

আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ

Americas						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
INDU:IND DOW JONES INDUS. AVG	24,635.21	+219.37	+0.90%	+1.54%	+16.17%	6/1/2018
SPX:IND S&P 500 INDEX	2,734.62	+29.35	+1.08%	+2.67%	+12.12%	6/1/2018
CCMP:IND NASDAQ COMPOSITE INDEX	7,554.33	+112.22	+1.51%	+4.78%	+19.80%	6/1/2018
NYA:IND NYSE COMPOSITE INDEX	12,620.83	+93.69	+0.75%	+1.02%	+7.70%	6/1/2018
SPTSX:IND S&P/TSX COMPOSITE INDEX	16,043.54	-17.96	-0.11%	+2.00%	+3.89%	6/1/2018
Europe, Middle East & Africa						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
SX5E:IND Euro Stoxx 50 Pr	3,453.54	+46.89	+1.38%	-2.73%	-3.85%	6/1/2018
UKX:IND FTSE 100 INDEX	7,701.77	+23.57	+0.31%	+1.78%	+2.04%	6/1/2018
DAX:IND DAX INDEX	12,724.27	+119.38	+0.95%	-0.74%	-0.77%	6/1/2018
CAC:IND CAC 40 INDEX	5,465.53	+67.13	+1.24%	-0.92%	+2.29%	6/1/2018
IBEX:IND IBEX 35 INDEX	9,632.40	+166.90	+1.76%	-4.67%	-11.68%	6/1/2018

Asia Pacific						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
NKY:IND NIKKEI 225	22,171.35	-30.47	-0.14%	-1.34%	+9.88%	6/1/2018
TPX:IND TOPIX INDEX (TOKYO)	1,749.17	+1.72	+0.10%	-1.26%	+8.50%	6/1/2018
HSI:IND HANG SENG INDEX	30,492.91	+24.35	+0.08%	+1.89%	+17.62%	6/1/2018
SHSZ300:IND CSI 300 INDEX	3,770.59	-31.79	-0.84%	-0.11%	+8.15%	6/1/2018
AS51:IND S&P/ASX 200 INDEX	5,990.39	-21.49	-0.36%	-1.20%	+3.49%	6/1/2018
MXAP:IND MSCI AC ASIA PACIFIC	172.13	-0.04	-0.02%	-0.19%	+10.80%	6/1/2018

Source: Bloomberg

কমোডিটি এক্সচেঞ্জ

Energy						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
CL1:COM WTI Crude Oil (Nymex)	USD/bbl.	65.81	-1.23	-1.83%	Jul 2018	6/1/2018
CO1:COM Brent Crude (ICE)	USD/bbl.	76.79	-0.77	-0.99%	Aug 2018	6/1/2018
XB1:COM RBOB Gasoline (Nymex)	USd/gal.	214.34	-1.71	-0.79%	Jul 2018	6/1/2018
NG1:COM Natural Gas (Nymex)	USD/MMBtu	2.96	+0.01	+0.34%	Jul 2018	6/1/2018
HO1:COM Heating Oil (Nymex)	USd/gal.	217.63	-2.83	-1.28%	Jul 2018	6/1/2018
Precious & Industrial Matters						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
GC1:COM Gold (Comex)	USD/t oz.	1,299.30	-5.40	-0.41%	Aug 2018	6/1/2018
XAUUSD:CUR Gold Spot	USD/t oz.	1,293.40	-5.11	-0.39%	N/A	6/1/2018
SI1:COM Silver (Comex)	USD/t oz.	16.44	-0.02	-0.10%	Jul 2018	6/1/2018
HG1:COM Copper (Comex)	USd/lb.	309.85	+3.35	+1.09%	Jul 2018	6/1/2018
XPTUSD:CUR Platinum Spot	USD/t oz.	904.25	-2.72	-0.30%	N/A	6/1/2018
Agriculture						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
C 1:COM Corn (CBOT)	Ud/bu.	391.50	-2.50	-0.63%	Jul 2018	6/1/2018
W 1:COM Wheat (CBOT)	USd/bu.	523.25	-3.00	-0.57%	Jul 2018	6/1/2018
CC1:COM Cocoa (ICE)	USD/MT	2,458.00	+4.00	+0.16%	Jul 2018	6/1/2018
CT1:COM Cotton #2 (ICE)	USd/lb.	92.36	+0.72	+0.79%	Dec 2018	6/1/2018
LC1:COM Live Cattle (CME)	USd/lb.	103.63	-0.32	-0.31%	Aug 2018	6/1/2018

Source: Bloomberg

স্বপ্ন পূরণের বাজেট ২০১৮-২০১৯: রূপরেখা ও প্রস্তাবনা

অধ্যাপক ড. এ. কে. আবদুল মোমেন

বাজেট যদিও একটি বছরের আয়-ব্যয়ের দিকনির্দেশনা এবং কোন কোন খাতে কত ব্যয় করা হবে এবং কোন কোন খাত থেকে কত টাকা আয় সংগ্রহ করা যাবে বা বাড়াতে হবে তার এক হালখাতা। তবে যেহেতু বাংলাদেশসহ পৃথিবীর সবগুলো দেশ ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রাসমূহ অর্জন করতে প্রতিজ্ঞাবদ্ধ তাই তাদের বার্ষিক বাজেট আর শুধুমাত্র বার্ষিক বাজেট নয়, এর লক্ষ্য হচ্ছে এটাকে এমনভাবে ঢেলে সাজানো যাতে টেকসই উন্নয়নের ল্যমাত্রাসমূহ অর্জনের জন্যে অধিকতর সম্পদ ও প্রযুক্তিবিদ্যা সংগ্রহ করা সম্ভব হয়।

বাংলাদেশের ক্ষেত্রে এর গুরত্ব একটু বেশী কারণ, আমরা তিন তিনটি লক্ষ্য অর্জনে প্রতিজ্ঞাবদ্ধ। এগুলো হচ্ছে প্রথমত: ২০২১ সালের মধ্যে "উচ্চ মধ্যম আয়ের দেশের মর্যাদা অর্জন যার অর্থ হচ্ছে বর্তমানের জনপ্রতি ১৭৬৫ ডলার বার্ষিক মাথাপিছু আয়কে ৩৯৫৬ ডলারে উন্নীত করা। দ্বিতীয়ত: ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়নের ১৭টি লক্ষ্যমাত্রা এবং ১৬৯টি টার্গেট (দেশ-বিশেষে এর সংখ্যা পরিবর্তিত হতে পারে) অর্জন করার জন্যে যথোপযুক্ত সম্পদের আয়োজন ও প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। এটা কিন্তু সহজ ব্যাপার নয় এবং এর জন্যে নতুন নতুন সৃষ্টিশীল আয় সংগ্রহের পন্থা গ্রহণ করতে হবে। তৃতীয়ত: ২০৪১ সালের মধ্যে বঙ্গবন্ধুর স্বপ্ন "সোনার বাংলা" অর্জন যার লক্ষ্য হচ্ছে বাংলাদেশ হবে একটি উন্নত, সমৃদ্ধিশালী, স্থিতিশীল ও অসাম্প্রদায়িক অর্থনীতি যেখানে ধনী-দরিদ্রের আকাশসম ফারাক থাকবে না, যেখানে সকল নাগরিকের সমান অধিকার নিশ্চিত হবে, যেখানে অন্ন-বস্ত্র-বাসস্থান-শিক্ষা এবং স্বাস্থ্যসেবা সকল নাগরিকের জন্যে নিশ্চিত হবে --- এমন একটি সমাজ ব্যবস্থা গঠন করা চারটিখানি কথা নয় এবং বিশেষ করে বাংলাদেশের জন্যে যেখানে প্রতিকূল পরিবেশ এবং ঘনবসতিপূর্ণ লোকের হলাহল। সুতরাং বাংলাদেশ যদিও বর্তমানে যুক্তরাজ্যের প্রাইস-ওয়াটার হাউস গবেষণা প্রতিষ্ঠানের মতে বিশ্বের "দ্বিতীয়" মোষ্ট ইমপ্রেসিভ বা সম্ভাবনাময় অর্থনীতি তবুও উল্লিখিত লক্ষ্যসমূহ বা ভিশনগুলো অর্জন করা জাতির জন্যে বড় চ্যালেঞ্জ।

বাংলাদেশের উন্নয়ন অভাবনীয়

বর্তমানে আমাদের অর্থনীতি খুবই ভাল অবস্থানে আছে। বস্তুত: পৃথিবীর অন্যতম সবচেয়ে ঘনবসতিপূর্ণ দেশ বাংলাদেশ যার লক্ষ্যণীয় সম্পদ বলতে "মানুষ" ও "পানি" ছাড়া অন্য কিছু নেই; না আছে তৈল সম্পদ, জ্বালানী বা অন্যবিধ খনিজ সম্পদের পাহাড়, না আছে উন্নত প্রশিক্ষণপ্রাপ্ত মানব সম্পদ বা নব নব প্রযুক্তিবিদ্যার অঢেল সরবরাহ ও জ্ঞান। তা সত্ত্বেও গেলো নয় বছর এর অগ্রযাত্রা ও উন্নয়ন অবাক হওয়ার মত। প্রতিবেশী রাষ্ট্রসমূহের তুলনায় বাংলাদেশ বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে যেমন; শিশুমৃত্যু ও মাতৃমৃত্যু হ্রাসের ক্ষেত্রে, প্রাথমিক ও মাধ্যমিক স্কুল এনরোলমেন্ট বৃদ্ধির ক্ষেত্রে অথবা জীবনের গড় আয়ু বৃদ্ধিতে এবং বিশেষভাবে লক্ষ্যণীয় যে, দারিদ্র্য নিরসনে বাংলাদেশের অর্জন প্রশংসনীয়। তাছাড়া গেলো ৯ বছরে এর জাতীয় জি-ডি-পির গড় প্রবৃদ্ধি এক নাগাড়ে ৬.৫%-এর অধিক এবং এ বছর এর প্রবৃদ্ধি ৭.২৮% এবং আগামী বছরে ৭.৬৫% হবার সম্ভাবনা সত্যিই প্রশংসার। এসব উন্নয়ন যে কত বেশী তা উপলব্ধির জন্যে এটুকু তুলনা করলেই যথেষ্ট যে, ১৯৭৫ থেকে ১৯৯০ সাল---এই দীর্ঘ ১৫ বছরের গড় প্রবৃদ্ধির হার ছিল মাত্র ৩.২% এবং বর্তমানে তা দ্বিগুণের বেশী। এটা সম্ভব হয়েছে প্রথমত: এ দেশের খেটে খাওয়া জনগণের জন্যে, বিশেষ করে কৃষক, জেলে, গার্মেন্ট ওয়ার্কারস এবং প্রবাসী বাংলাদেশীদের জন্যে যারা হাড় খাটুনি খেটে স্বদেশের রিজার্ভকে চাঙ্গা রাখছেন। দ্বিতীয়ত: বর্তমান সরকারের বলিষ্ঠ

ও পরিপক্ক নেতত্বের জন্যে যাদের ধ্যান-ধারণায় দেশের উন্নয়ন হচ্ছে মূল লক্ষ্য। তাদের প্রচেষ্টার ফলে দেশে আজ "মঙ্গা" নেই। বাংলাদেশ আজ বিশ্বের দ্বিতীয় প্রধান গার্মেন্ট বা তৈরী পোশাক রপ্তানীকারক দেশ এবং বিশেষ করে জাতিসংঘের মহাসচিব একে "উন্নয়নের রোল মডেল" হিসেবে চিহ্নিত করেছেন এবং আমেরিকার প্রভাবশালী পত্রিকা "ওয়াল ষ্ট্রিট জার্নাল" একে "Standard bearer of the South Asia" বা দক্ষিণ এশিয়ার রাষ্ট্রসমূহের স্ট্যান্ডার্ড বহনকারী দেশ হিসেবে আখ্যায়িত করে।

বস্তুত: বাংলাদেশের অর্জন অভাবনীয়। এটা আর "তলাবিহীন ঝুড়ি নয়"। সম্প্রতি জাতিসংঘ চুলচেরা বিচার বিশ্লেষণ করে রায় দিয়েছে যে, "বাংলাদেশ এখন উন্নয়নশীল দেশের যোগ্যতা অর্জন করেছে" এবং আগামী বছরগুলোতে আমরা যদি আমাদের উন্নয়নের গতিপ্রবাহ ধরে রাখতে পারি তাহলে আমরা উন্নয়নশীল দেশ হিসেবে মর্যাদা অর্জন করবো। "স্বল্প আয়ের বা দরিদ্রতম দেশগুলোর অন্যতম"-এ বদনাম আমরা উৎরে উঠেছি। শুধু তাই নয়, বিশ্বের ২১৪টি দেশ বা অঞ্চলগুলোর মধ্যে (১৯৩টি দেশ জাতিসংঘের সদস্যভুক্ত) মহাকাশে নিজস্ব স্যাটেলাইট "বঙ্গবন্ধু-১" উৎক্ষেপণ করে বাংলাদেশ ৫৭তম অবস্থান অর্জন করেছে। এভাবে দরিদ্র দেশ থেকে উত্তরণ এবং স্যাটেলাইট উৎক্ষেপনের মধ্য দিয়ে সারা বিশ্বে বাংলাদেশের মান-সম্মান, ইজ্জত ও ভাবমূর্তি যে কত উপরে উঠেছে তা টাকার পরিমাণে নির্ণয় করা সম্ভব নয়। আজ বাঙালি জাতি একটি গর্বিত জাতি, আত্মমর্যাদাপূর্ণ সম্ভাবনাময় দেশ।

মূলতঃ চারটি ক্ষেত্রে বর্তমান সরকারের অর্জন অভাবনীয়। উদাহরণস্বরূপ: (১) বিদ্যুৎ উৎপাদন (২) কৃষি বিপ্লব (৩) দারিদ্র্য বিমোচন এবং ৪) ডিজিটালাইজেশন। যেখানে ২০০৯ সালে বিদ্যুৎ সরবরাহের পরিমাণ ছিল ৩,২০০ মেগাওয়াট, তা বর্তমানে বৃদ্ধি পেয়ে ১৬,০০০ মেগাওয়াটে উন্নীত হয়েছে। যদিও, জমির পরিমাণ দিন দিন কমছে তা সত্ত্বেও খাদ্য-শষ্যের উৎপাদন বেড়েছে সাড়ে তিনগুণেরও অধিক যা ১১ লক্ষ টন থেকে প্রায় ৩৮ লক্ষ টন হয়েছে। দারিদ্র্য বিমোচনে এ সরকারের অর্জন দেশকে অন্য মার্গে নিয়ে গেছে। ১৯৯১ সালে যেখানে ৫৭.৮% ভাগ জনগণ দারিদ্র্য সীমার নীচে বসবাস করতো সেখানে বর্তমানে তা কমে গিয়ে ২২.৩%-এ নেমে এসেছে। পৃথিবীর মধ্যে দুইটা দেশ গণচীন এবং বাংলাদেশের অর্জন এ ক্ষেত্রে অনুকরণীয়। দেশের ১৬ কোটি মানুষের মধ্যে ১৩ কোটি মানুষ আজ ডিজিটাল ফোন ব্যবহার করছে। আরেকটি অর্জন লক্ষণীয় আর তা হচ্ছে নারী জাগরণ। আগে যেখানে মাত্র ৬% নারী কর্মজীবী ছিলেন তা বৃদ্ধি পেয়ে বর্তমানে ৩৮%-এ পৌঁছেছে। দেশের উন্নয়নে এ এক বিশাল অর্জন।

আমাদের উন্নয়ন "মানবীয় উন্নয়ন"ও বটে

যখন কোনো দেশে উন্নয়ন দ্রুত গতিতে হয়, তখন সে দেশে মুদ্রাস্ফীতি যেমন বাড়ে তেমনি ধনী-দরিদ্রের ফারাকও লক্ষণীয়ভাবে বাড়ে। তবে বাংলাদেশ সরকার বিভিন্ন সামাজিক ক্ষেত্রে অধিকতর খরচ করছেন। লোকজনের বেতন ও ভাতা বাড়িয়ে দিয়েছেন এবং এর ফলে দেশের অভ্যন্তরে যেমন একটি 'বিরাট বাজার' তৈরী হয়েছে তেমনি এর ফলে বিনিয়োগের আকর্ষণ বেড়েছে এবং একই সাথে মুদ্রাস্ফীতি নাগালের মধ্যে আছে এবং ধনী-দরিদ্রের ফারাক প্রতিবেশী রাষ্ট্রসমূহ, যেমন, শ্রীলংকা, ভারত, ভুটান, পাকিস্তান ইত্যাদি থেকে এখনো কম এবং সেজন্য একে "মানবীয় উন্নয়ন" বলা যেতে পারে। তবে এ ব্যাপারে সজাগ দৃষ্টি রাখতে হবে যাতে করে ফারাকটি খুব বেশী না হয়।

ভিশনগুলো অর্জনের জন্যে অনেক অনেক সম্পদ দরকার

তবে যে কথা দিয়ে শুরু করেছিলাম তা হচ্ছে, আমাদের সামনে অনেকগুলো 'ভিশন' ও রূপরেখা রয়েছে, তার অর্থ হচ্ছে অনেক অনেক চ্যালেঞ্জও রয়েছে। এই চ্যালেঞ্জগুলো মোকাবেলা করার জন্যে সর্বাগ্রে প্রয়োজন অধিকতর সম্পদ ও প্রযুক্তি অর্জন।

২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে আমাদের দৃশ্যমান (tangible) ও অদৃশ্যমান (intangible) অবকাঠামোর উন্নয়ন অতীব প্রয়োজন। দৃশ্যমান অবকাঠামো হচ্ছে রাস্তাঘাট, বিমান বন্দর, নদী বন্দর, রেললাইন, জ্বালানী, আইটি টেকনোলজি বা ডিজিটালাইজেশন, সড়ক-মহাসড়ক, ব্রীজ-কালভার্ট ইত্যাদি। টাকা থাকলে এগুলো করা সম্ভব এবং সরকার একাধিক মেগা প্রজেক্ট শুরু করেছেন। ঢাকা-সিলেট ৪+২ লেন বা ঢাকা-চট্টগ্রাম ডেডিকেটেড ৮ লেন এখনো শুরু হয়নি। ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের যানজট সবার

জানা আছে। এই মহাসড়ক দিয়ে বছরে প্রায় ৮০ বিলিয়ন ডলার বা ৬ লক্ষ ৪৮ হাজার কোটি টাকার মালামাল পরিবহন হয়। ঢাকা শহরের যানজটও অসহনীয় অবস্থায় রয়েছে। সুতরাং এগুলোকে চলাচলের আরো সহনীয় পর্যায়ে নিয়ে আসার জন্যে আরো অধিকতর সম্পদ দরকার।

সরকারের পরিকল্পনা অনুযায়ী টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জন করার জন্যে আগামী ১৩ বছরে বাংলাদেশকে অতিরিক্ত ৭৫ লক্ষ ১৬ হাজার ৮০০ কোটি টাকা বা ৯২৮ বিলিয়ন ডলার সংগ্রহ করতে হবে। অর্থাৎ প্রতিবছর অতিরিক্ত ৫ কোটি ৭৮ লক্ষ ২১ হাজার ৫৩৮ কোটি টাকা বা ৬৬ বিলিয়ন ডলার যোগান দিতে হবে। আমাদের প্রস্তাবিত বাজেট হচ্ছে ৪ লক্ষ ৬৮ হাজার কোটি টাকা বা ৫৮ বিলিয়ন ডলার যা দেশের জি-ডি-পি-র তুলনায় এবং দেশের চাহিদার তুলনায় অনেক কম।

মোদ্দাকথা, আমাদের আরো অধিকতর সম্পদ দরকার। সম্পদ সংগ্রহ করার জন্যে প্রধানত তিনটি দরজা খোলা আছে। প্রথমতঃ অভ্যন্তরীণ সম্পদ সংগ্রহ, দ্বিতীয়তঃ বৈদেশিক সাহায্য, এবং তৃতীয়তঃ ব্যবসায়ীদের অধিকতর বিনোয়োগ।

সাম্প্রতিক কালে বৈদেশিক সাহায্য তুলনামূলকভাবে দিন দিন কমে এসেছে এবং তাছাড়া আমাদের উন্নয়নের পার্টনার বা অংশীদার দেশগুলো যে পরিমাণ সাহায্য দিয়ে থাকে তা হচ্ছে চাহিদার তুলনায় অত্যন্ত কম। উন্নয়নশীল দেশের জন্যে পার্টনার দেশগুলো গেলো এক দশকে গড়ে ১৫৬ বিলিয়ন ডলার সাহায্য দিয়েছে যা টেকসই উন্নয়নের চাহিদা যদি ফিবছর ৫.৩ ট্রিলিয়ন ডলার হয়ে থাকে তাহলে ২.৯% ভাগ এবং যদি অতিরিক্ত ৩.৫ ট্রিলিয়ন ডলার হয়ে থাকে তাহলে ৪.৪% ভাগ মাত্র অর্থাৎ ৫%-এরও কম। এর অর্থ হচ্ছে চাহিদার ৯৫% ভাগ সম্পদ দেশকে অন্যভাবে সংগ্রহ করতে হবে। সুতরাং অভ্যন্তরীণ সম্পদ বাড়ানোর জন্যে নব নব সৃষ্টিশীল উদ্যোগ নিতে হবে।

আয়কর বাড়ানোর জন্যে এন-আই-ডি ব্যবহার করা যেতে পারে

সুখের কথা যে, বর্তমান বছরে আয়কর দানকারীর সংখ্যা ১১ লক্ষ থেকে বেড়ে ৩৩ লক্ষে গিয়ে পৌঁছেছে। তবে সাড়ে ১৬ কোটির দেশে এ এখনও কম। এ ক্ষেত্রে আমদের একটি প্রস্তাব আছে। প্রস্তাবটি হচ্ছে, দেশের প্রত্যেকের জাতীয় পরিচয় পত্রের বিপরীতে কে কত আয়কর দিয়েছে তা নির্ধারণ করা। মার্কিন যুক্তরাষ্ট্রে "সোস্যাল সিকিউরিটি কার্ড"-এর বিপরীতে প্রত্যেককে বাধ্যতামূলকভাবে আয়কর দাখিল করতে হয়। আমাদের দেশে ব্যক্তি বিশেষের জন্যে টিন নম্বরের (TIN) পরিবর্তে এন-আই-ডি ব্যবহার করলে এর সংখ্যা সহজেই বাড়তে পারে। তবে কর্পোরেশন বা ব্যবসা প্রতিষ্ঠানের জন্যে টিন নম্বর রাখা যেতে পারে। বস্তুত যাদেরই এনআইডি আছে, তাদের প্রত্যেককে আগামীতে তাদের বার্ষিক আয়ের হিসাব দাখিল করার জন্যে বাজেট বক্তৃতায় ঘোষণা দেয়া যেতে পারে। দ্বিতীয়তঃ প্রত্যেক লেনদেনে এন-আই-ডি নম্বর যদি ব্যবহার করা হয় তাহলে কে কত আয় করেছেন এই ডিজিটালাইজেশনের যুগে তা নির্ণয় করা অসম্ভম নয়।

সরকারের রির্জাভ ফান্ডের বিপরীতে সোভারিন বন্ড চালু প্রয়োজন

আমরা জানি, ব্যক্তি বিশেষের জন্যে সঞ্চয় হচ্ছে আশীর্বাদ। তবে দেশের জন্যে তা হচ্ছে অভিশাপ। অর্থনীতিতে একটি থিউরি আছে যা "গ্রিফিন প্যারাডক্স" নামে সমধিক প্রসিদ্ধ। এই থিওরির মতে সরকারের জন্যে সঞ্চয় হচ্ছে কার্স বা অভিশাপ। রাষ্ট্রীয় সঞ্চয়কে যদি বিনিয়োগ না করা হয় তাহলে নতুন প্রোডাকটিভিটি আসবে না। অর্থাৎ "অলস সম্পদ" দেশের জন্যে ভালো নয়। যারা ব্যবসা করেন তা তারা জানেন। ইনভেন্টরি বা মওজুদ মাল যদি বিক্রি না হয়, তাহলে বেজায় মুশকিল, তাতে ব্যবসার রিটার্ন অব ইনভেস্টমেন্ট দুর্বল হবে। সুতরাং যত বেশি ও যত দ্রুত ইনভেন্টরি ব্যবহৃত হবে ততই ব্যবসার জন্য ভালো। বেশি মজুদ রাখা যেমন ক্ষতিকর, একেবারে কম রাখাও ঝুঁকিপূর্ণ। আমাদের ৩২ বিলিয়ন ফরেন এক্সচেঞ্জ রিজার্ভ আছে বলে আমরা গর্ববোধ করি। গর্ববোধ করার যথেষ্ট কারণও আছে। তবে রিজার্ভ অলস সম্পদ, একে কাজে লাগাতে না পারলে দেশের জন্যে মঙ্গল বয়ে আনবে না। প্রশ্ন হচ্ছে What should be the optimal level of reserve? কতটুকু রিজার্ভ রাখা দেশের জন্যে মঙ্গলজনক তা নির্ণয় করতে হবে। আর এই অধিক রিজার্ভের একটি অংশ সোভারিন বন্ড ইস্যুর মাধ্যমে বিনিয়োগ করা দরকার। বোধ করি তাতে প্রথমতঃ ছড়া ধরে ঋণ নিতে হবে না এবং দ্বিতীয়তঃ সাম্প্রতিক কালে যেহেতু

অন্য দেশের রিজার্ভ-বন্ডের রেটও অনেক কমে গেছে তাই আসন্ন বাজেটে এ ব্যাপারে দিকনির্দেশনা দেয়া যেতে পারে বৈকি। বাংলাদেশ ব্যাংক এ ব্যাপ্যারে নিশ্চয়ই তাদের সুচিন্তিত অভিমত সরকারকে জানিয়েছেন।

সরকারের বিকেন্দ্রীকরণ এবং সম্পদের অপচয় বন্ধ প্রয়োজন

সরকার প্রতিটি প্রজেক্ট বা প্রোগ্রামে অনেক অনেক টাকা বরাদ্দ করছেন এবং বহুবিধ উন্নয়ন প্রজেক্ট হাতে নিয়েছেন। তবে প্রত্যেক ক্ষেত্রেই কাজ বড় ধীরগতি হয় এবং তার ফলে ব্যয়ভার বাড়ে এবং সম্পদের অপচয় হয়। সম্পদের অপচয় সম্প্রতি বিরাট আকার ধারণ করেছে। দুর্নীতিও লাগামহীন হারে বেড়েছে । তাছাড়া বিশেষভাবে লক্ষ্যণীয় যে ছোটখাটো কাজের জন্যেও জনগণকে এবং সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় সরকারের কাছে বার বার ধর্না দিতে হয়, যার ফলে উন্নয়ন কাজগুলো ধীরগতি বা স্থবির হয়ে পড়ে থাকে। অনেক সময় ছোট একটি কাজ, যেমন ধরুন, রাস্তাঘাট মেরামতের কাজ যথাসময়য় না হওয়ায় সমস্যাটা কয়েকগুণ বাড়ে আর তাতে খরচও বাড়ে। এ অবস্থা থেকে মুক্তির জন্যে বিশেষ করে মানুষের হয়রানি বন্ধকরণ এবং জনগনের বহুমুখী প্রতিভা ও সৃষ্টিশীল স্পিরিট পরিস্ফুটনের মাধ্যমে দেশের উন্নয়ন ত্বরান্বিত করার জন্যে প্রয়োজন সরকারের বিকেন্দ্রীকরণ এবং জেলায় জেলায় "জেলা সরকার" ব্যবস্থা প্রবর্তন, যারা নিজ দায়িত্বে দৈনন্দিন বহুবিধ কাজ সমাধা করবেন এবং উন্নয়নের প্রধান হাতিয়ার হবেন। জেলায় জেলায় জেলা সরকার প্রবর্তনের আগে এ ব্যাপারে জনগণকে বোঝাতে হবে, এর ভাল-মন্দ বিশ্লেষণ করতে হবে এবং এ জন্যে আসন্ন বাজেটে নির্দিষ্ট বাজেট বরাদ্দ প্রয়োজন বৈকি।

ব্যাংক ঋণ কেলেঙ্কারি আজ সর্বজনবিদিত, তবে প্রতিকার দরকার

ব্যাংক ঋণ কেলেঙ্কারি আজ সর্বজনবিদিত। হাজার হাজার কোটি টাকা এর ফলে বেহাত হচ্ছে এবং ব্যাংক ব্যবস্থাকে দুর্বল করে তুলেছে। এ অবস্থা থেকে পরিত্রাণের জন্যে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে তা এখনও জনগণ জানে না। আর কেউ কেউ কোনো কোনো ব্যক্তি বিশেষকে শাস্তি দিলেই মনে করেন ব্যাংক কেলেঙ্কারি বন্ধ হয়ে যাবে। পত্রপত্রিকায় খবর বের হয়েছে যে প্রায় ৬২ হাজার কোটি টাকার খেলাপি ঋণ আদালতে বছরের পর বছর আটকে আছে (দৈনিক প্রতিদিন, ২৪ মে, ২০১৮)। কেলেংকারি হবার পর ঋণ ফেরত না পেলে তখন আদালতে যাওয়া হয়। বরং কেলেঙ্কারি যাতে না হয় তার উদ্যোগ নেয়া জরুরি। বস্তুত ব্যাংক কেলেঙ্কারি বন্ধের জন্যে "কয়েকজন উদ্যোগী" (যারা ১৯৭১-এ নিহত মুক্তিযোদ্ধার সন্তান) সুপারিশ করেছিলেন যে, "ডিজিটাল পোর্টাল" তৈরী করে কোন কোন বাবদে বা কলাটোরেলের বিপক্ষে কোন কোন ব্যাংক থেকে কত পরিমাণ ঋণ নেওয়া হয়েছে তা যদি তুলে ধরা যায় এবং সেই সাথে ঐ কোম্পানির ঋণের পরিমাণ সর্বমোট কত আছে বা হবে এবং এর অ্যাসেট কত আছে তা লিপিবদ্ধ করা যায়, তাহলে বিভিন্ন ব্যাংকের পর্ষদ যখন ঋণ দেওয়ার কথা বিবেচনা করবেন, তখন সঠিক সিদ্ধান্ত নেওয়ার সুযোগ পাবেন এবং এর ফলে সুপারিশকারীদের ধারণা ব্যাংক কেলেঙ্কারি কমবে। তারা বিনা পয়সায় এ কাজটি করে কেলেংকারি বন্ধে সাহায্য করতে চান। এ প্রস্তাবটি অর্থ মন্ত্রণালয়ের ব্যাংকিং বিভাগ এবং বাংলাদেশ ব্যাংকে গেল ২ বছর থেকে পড়ে আছে এবং এদের এ দায়িত্ব দিলে ব্যাংক কেলেঙ্কারি বন্ধের ন্যূনতম একটি উদ্যোগ নেওয়া হয়েছে বলে জনমনে আস্থার সংকট কমবে। বস্তুত ব্যাংক কেলেঙ্কারি সরকারের বহু অর্জনকে ম্লান করে দিচ্ছে। আসন্ন বাজেট বক্তৃতায় ব্যাংক কেলেঙ্কারি বন্ধের জন্যে সরকার কি কি উদ্যোগ নিয়েছেন বা নেবেন তার বিবরণী থাকলে জনমনে আস্থা বাড়তে পারে।

ধিকতর চাকরি বা এনট্রিপ্রিনিয়ার তৈরির জন্যে বিশেষ বরাদ্দ দরকার

দেশে বেকার শিক্ষিত যুবক-যুবতীর সংখ্যা দিন দিন বাড়ছে। দেশের এক-তৃতীয়াংশ জনগণ হচ্ছে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে এবং এ দেশের মোট জনসংখ্যার শতকরা ৪৯% ভাগ হচ্ছে ২৫ বছরের নীচে। অশিক্ষিত লোকের মধ্যে বেকারত্ব ৪-৫%-এর বেশী নয় বলে বিভিন্ন তথ্যে প্রকাশ। তবে শিক্ষিত বেকারের সংখ্যা বাংলাদেশে দক্ষিণপূর্ব এশিয়ায় মধ্যে সবচেয়ে বেশী ও তা দিন দিন বাড়ছে । এ অবস্থার

পরিবর্তনের জন্যে বাজেটে স্কিল ডিভালাপমেন্ট ও এনট্রিপ্রিনিয়ার বা উদ্যোগী/উদ্যোক্তা তৈরির জন্যে বিশেষ বরাদ্দ প্রয়োজন। এক্ষেত্রে সরকারের বরাদ্দ "সীডমানি" হিসাবে কাজ করতে পারে। উল্লেখ্য যে এই বিরাট সংখ্যক উঠতি জনগোষ্ঠীকে যদি উপযুক্ত কাজে না লাগানো যায়, তাহলে যেমন ডিমোগ্রাফিক ডিভিডেন্ড পাওয়া যাবে না এবং একই সময়ে এদের সমাজের বিভিন্ন অনৈতিক কাজে জড়িয়ে পড়ার সম্ভাবনা আছে । সুতরাং এ ব্যাপারে বাজেটে জোর দেয়া প্রয়োজন বোধ করি।

পুঁজিবাজার তুলনামূলকভাবে দুর্বল

আমাদের দেশে পুঁজিবাজার তুলনামূলকভাবে অত্যন্ত দুর্বল এবং জাতীয় বাজেটে বা জিডিপিতে এর অবদান অত্যন্ত কম, শতকরা ২১ ভাগ মাত্র। প্রতিবেশী রাষ্ট্র ভারতে এ অবদান ৮৬% ভাগেরও বেশি এবং থাইল্যান্ডে প্রায় ১১৭% ভাগ, যুক্তরাষ্ট্রে এর অবদান ১৪০% ভাগ এবং সুইজারল্যান্ডে ২২৯% ভাগ। এ অবস্থা থেকে আমাদের উত্তরণ প্রয়োজন।

বাংলাদেশের পুঁজিবাজারের গভীরতা খুব কম, যার ফলে ম্যানিপুলেশন সহজ হয় এবং তালিকাভুক্ত বা লিস্টেড ভালো কোম্পানির সংখ্যা খুবই কম। এ সংখ্যা বাড়ানো উচিত। আসন্ন বাজেটে যে সমস্ত কোম্পানি নতুনভাবে তালিকাভূক্ত হবে, তাদের আগামী ২ বছরের জন্য আয়কর মুক্ত করা হলে অনেকে হয়তো তালিকাভূক্ত হতে পারে। ন্যূনপক্ষে কোম্পানিগুলো লিস্টেড হলে শতকরা ১৫ ভাগ আয়কর যদি ছাড় দেয়া যায় তাহলে কিছু কোম্পানি লিস্টেড হতে পারে। তৃতীয়ত সরকারি ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলো ও বিদেশী ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোকে বাধ্যতামূলকভাবে তালিকাভুক্ত করার জন্যে অনেকেই সুপারিশ করেছেন। তাছাড়া ব্যাংকের সুদের হার ও ঋণ দেবার ক্ষেত্রে বাধ্যবাধকতার সমন্বয় প্রয়োজন। বিশেষভাবে উল্লেখ্য যে, অবকাঠামো উন্নয়নের জন্যে যে সমস্ত বন্ড বাজারে ছাড়া হবে সেগুলোকে আয়কর মুক্ত রাখার বিধান অনেক দেশেই আছে। সাম্প্রতিক কালে চীনের সেনজেন-সাংহাই প্রতিষ্ঠানের সাথে স্ট্র্যাটেজিক পার্টনারশিপ হওয়ায় অনেকে Gain Tax মওকুফের প্রস্তাব দিয়েছেন। Gain Tax মওকুফ প্রস্তাবটি গ্রহণ করা যেতে পারে, তবে শর্ত থাকে যে, এই অতিরিক্ত পুঁজি যেন পুঁজিবাজারে বিনিয়োগ করা হয়। এই টাকাগুলো বিদেশে পাচার বা Spurious খরচে যাতে না ব্যয় করা হয় তার জন্যে শর্ত জুড়ে দিতে হবে। আমেরিকা যুক্তরাষ্ট্রে আইন আছে যে, যদি বাড়ি বিক্রি করে লাভ হয় তাহলে তার উপর Gain Tax ধার্য হয়। তবে দুবছরের মধ্যে ঐ টাকাটা নতুন বাড়ি কেনার জন্যে খরচ করলে Gain Tax দিতে হয় না।

বিদেশে টাকা পাচার বন্ধ করার উদ্যোগ প্রয়োজন

পত্র-পত্রিকায় প্রায়ই অভিযোগ দেখা যায় যে, বাংলাদেশীরা বিদেশে বেআইনীভাবে টাকা পাচার করছেন। বিভিন্ন দেশে যেমন দুবাই, মালয়েশিয়া, বাহরাইন, থাইল্যান্ড, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, কানাডা ইত্যাদিতে "বেগম পাড়া" তৈরী হয়েছে। এই illegal money transfer যাতে না হয় তার জন্যে বিশেষ উদ্যোগ নেয়া অতীব প্রয়োজন। illegal money transfer-এর প্রকৃত তথ্য দিতে পারলে যে বা যারা এ তথ্য দিয়েছেন তাদের পুরস্কৃত করার ঘোষণা দেয়া যেতে পারে। তথ্য প্রদানকারী স্বদেশী-বিদেশী নাগরিক বা প্রতিষ্ঠান হতে পারে। তাছাড়া ঐ সমস্ত দেশের সাথে পার্টনারশিপ এমনভাবে গড়ে তুলতে হবে যে, ঐ সমস্ত দেশে যে সব বাংলাদেশী বিনিয়োগ করেছেন তার হিসাবনিকাশ প্রদান করার জন্যে ঐ সব সরকারকে জোর দেয়া যেতে পারে। উল্লেখ্য যে, কোনো মার্কিন নাগরিক বাংলাদেশে বিনিয়োগ করলে বা ব্যাংকে টাকা রাখলে তাকে তা মার্কিন আয়কর বিভাগকে জানাতে হয় এবং বাংলাদেশ ব্যাংকও ওদেরকে তথ্য সরবরাহ করতে অঙ্গীকারবদ্ধ।

বাজেট ব্যবসা-বান্ধব হওয়া প্রয়োজন

বাজেট ব্যবসা-বান্ধব হওয়া প্রয়োজন এ জন্যে যে, ব্যবসায়ীদের অধিকতর বিনিয়োগ ছাড়া আমাদের ভিশনগুলো অর্জন সম্ভব নয়। দুঃখের বিষয় যে, এখনো পর্যন্ত ব্যবসায়ীদের বিনিয়োগ তুলনামূলকভাবে কম, মাত্র ২৩% ভাগ। একে দুই/তিন গুণ বাড়াতে হবে এবং তা সম্ভব। দৃশ্যমান এবং বিশেষ করে অদৃশ্যমান অবকাঠামোগুলো যেমন

আইন-কানুন, রীতি-নীতি, প্রসেস-প্রসিডিওর অর্থাৎ আমলাতন্ত্রের জটিলতা যদি দূর করা যায়, বিভিন্ন প্রতিষ্ঠানের অহেতুক হয়রানি বন্ধ করা যায়, বিনিয়োগের নিশ্চয়তা প্রদান করা যায় এবং জমি অধিগ্রহণের দীর্ঘসূত্রিতা লাঘব করা যায় তাহলে বেসরকারী বিনিয়োগ অবশ্যই বাড়বে। উল্লেখ্য যে বাংলাদেশে ব্যবসা করতে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের তথ্য অনুযায়ী ১৭৬ দিন লাগে যেখানে মালয়েশিয়ায় লাগে ১৯ দিন। আমাদের সরকারি কর্মচারিরা কি মালয়েশিয়ার কর্মচারি থেকে বিদ্যাবুদ্ধিতে দুর্বল? নিশ্চয়ই না, তবে এমন অবস্থা কেন? তাছাড়া ব্যবসার সিকিউরিটি অবশ্যই নিশ্চিত করা চাই। এর সাথে বিদেশে টাকা পাচার এবং ব্যাংক ব্যবস্থার সমন্বয়ও প্রয়োজন।

এপ্রিল মাসের মধ্যেই বাজেটের টাকা বিলিবণ্টন সম্পূর্ণ করা প্রয়োজন

সম্পদের অপচয় ও দুর্নীতি কমানোর জন্যে বাজেটে কিছু দিকনির্দেশনা থাকলে জনগণ খুশী হবে এবং দেশও উপকৃত হবে। দেশে বৃষ্টিঝড় শুরু হলেই রাস্তাঘাট 'কুড়াকুড়ি' এবং ড্রেনের কাজ শুরু হয়। এর মূল কারণ হচ্ছে মে-জুনের শেষে বাজেট বৎসর শেষ হয় এবং সেজন্যে বাজেটের টাকা শেষ করার জন্যে এই তাড়াহূড়া। এর ফলে কাজ নিম্নমানের হয় এবং টাকাটা 'বিনালে' যায়। বিভিন্ন তথ্য মতে এতে প্রজেক্টের শতকরা ৩০% থেকে ৬০% ভাগের মতো অপচয় হয় এবং জনগণের করের টাকা এভাবে যথেচ্ছভাবে অপচয় যাতে না হয় তার জন্যে ডায়নামিক পদক্ষেপ নেওয়া প্রয়োজন। বস্তুত এ অবস্থা থেকে মুক্তির জন্যে প্রয়োজন সরকারের বাজেটে বরাদ্দকৃত টাকা পহেলা বৈশাখ বা এপ্রিল মাসের মধ্যেই বিলিবণ্টন সম্পূর্ণ করা।

সম্পদ আদায়ের নব নব উদ্যোগ

দেশে প্রতিদিন শত শত অনুষ্ঠান হয়। অধিকতর সম্পদ আহরণের জন্যে Event Tax আরোপ করা যেতে পারে। পৃথিবীর বিভিন্ন দেশে এ ব্যবস্থা চালু আছে। যারা বাড়ি ভাড়া দিয়ে থাকেন, তারা এ থেকে কিছুটা আয়কর রেহাই পেলে নিশ্চয়ই খুশি হবেন। সুতরাং সরকার প্রত্যেক এন-আই-ডি ওয়ালাকে যারা বাড়ি ভাড়া দিয়ে থাকেন, তারা কত টাকা বাড়ি ভাড়া দিয়েছেন তার হিসাব আয়কর বিভাগকে জানালে তারা এর শতকরা ২৫ ভাগ মওকুফ পাবেন বলে আদেশ জারি হলে নিজ উদ্যোগে ভাড়াটিয়ারা তা সরকারকে জানাবেন। এমতাবস্থায় যারা বাড়ি ভাড়া দিয়েছেন তারা যেমন মওকুফ পাবেন এবং যারা বাড়ি ভাড়া নিয়েছেন তাদের আয়ের খবরটাও আয়কর বিভাগ অতি সহজে জানতে পারবে। এতে নতুন আয়ের সংস্থান সম্ভব। তাছাড়া বাড়িঘর ও জমির রেজিস্ট্রেশন বাবদ কর 'মার্কেট রেটে' করলে কয়েক হাজার কোটি সহজেই আয় সম্ভব এবং কালো টাকার ঝকমারিও কমবে বৈকি।

বস্তুত, বাজেট প্রণয়নে দেশের ভিশনগুলো ভুললে চলবে না। বাজেট যদিও এক বছরের হালখাতা, তবে দেশের রূপকল্প অর্জনে এ এক বড় হাতিয়ার। তবে এ কথাও মনে রাখতে হবে, বাজেটের সাথে দেশের অন্যসব নীতিমালা যদি সমন্বিতভাবে কাজ করে বা সেভাবে ঢেলে সাজানো হয় তাহলে এর কার্যকারিতা ও অর্জন অনেক শক্তিশালী ও ফলপ্রসূ হবে, আর যদি অন্যসব নীতিমালা পরস্পরবিরোধী বা সমন্বয়হীন হয় তাহলে এর কার্যকারিতা দুর্বল হওয়ার সম্ভাবনা অধিক। সুতরাং সরকারকে এ বিষয়ে সর্তক থাকা প্রয়োজন।

২৪ মে ২০১৮

প্রথম প্রকাশ: ৩০ মে ২০১৮

দৈনিক বণিক বার্তা

অধ্যাপক ড. এ. কে. আবদুল মোমেন:

সাবেক রাষ্ট্রদূত ও জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের সাবেক স্থায়ী প্রতিনিধি;
চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যান

অর্থনৈতিক সংবাদ

নবায়নযোগ্য জ্বালানি প্রকল্পে বিশ্ব ব্যাংকের ৪৫৬ কোটি টাকা

দেশে পরিবেশবান্ধব নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়াতে সরকারকে ৫ কোটি ৫০ লাখ ডলার দেবে বিশ্ব ব্যাংক। বাংলাদেশী মুদ্রায় এর পরিমাণ ৪৫৬ কোটি ৫০ লাখ টাকা। বিশ্ব ব্যাংকের ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন (আইডিএ) থেকে পাওয়া এই ঋণ ছয় বছরের রেয়াতকালসহ ৩৮ বছরে ০.৭৫ শতাংশ সুদসহ পরিশোধযোগ্য। সম্প্রতি এ বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) ও বিশ্ব ব্যাংকের মধ্যে চুক্তি হয়। চুক্তিতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব কাজী শফিকুল আজম ও বিশ্ব ব্যাংকের বাংলাদেশ, ভুটান ও নেপালের কান্ট্রি ডিরেক্টর চিমিয়াও ফান স্বাক্ষর করেন। 'সেকেন্ড রুরাল ইলেক্ট্রিফিকেশন অ্যান্ড রিনিউয়েবল এনার্জি ডেভেলপমেন্ট (আরইআরইডি-২)' প্রকল্পে এটি বিশ্ব ব্যাংকের অতিরিক্ত অর্থায়ন। প্রকল্পটির মাধ্যমে দেশের গ্রামীণ এলাকা, চর ও দ্বীপাঞ্চলে বসবাসকারী এক কোটি মানুষের কাছে বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেয়ার পাশাপাশি জ্বালানি সাশ্রয়ী চুলা সম্প্রসারণ করা হচ্ছে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে জানানো হয়, চলমান এ প্রকল্পটির মাধ্যমে এই অতিরিক্ত অর্থায়নের মধ্য দিয়ে এক হাজার সৌরবিদ্যুৎচালিত পাম্প, ৩০টি সোলার মিনিগ্রিড এবং গ্রামাঞ্চলে প্রায় ৪০ লাখ উন্নতমানের রান্নার চুলা স্থাপন করা হবে।

বৈদেশিক বাণিজ্যে ঝুঁকি কমাতে সঠিক ক্রেডিট রিপোর্টে জোর

আন্তর্জাতিক বাণিজ্যে ঝুঁকি কমাতে বা ক্ষতি এড়াতে বিদেশি ব্যবসায় প্রতিষ্ঠানের মানের বিষয়ে যথার্থভাবে তৈরি বিশদ প্রতিবেদন (ক্রেডিট রিপোর্ট) বিবেচনায় নেয়ার উপর জোর দেয়া হয় একটি গবেষণা প্রতিবেদনে। রাজধানীর মিরপুরে বিআইবিএম অডিটোরিয়ামে এরই মধ্যে অনুষ্ঠিত এক কর্মশালায় 'প্র্যাকটিসেস অফ অবটেইনিং ক্রেডিট রিপোর্ট অফ ফরেন কাউন্টার পার্টস ইন ট্রেড সার্ভিসেস-ইজ ইট ওয়ার্কিং' শীর্ষক ওই প্রতিবেদন তুলে ধরা হয়। ৬ সদস্যের গবেষক দলের গবেষণায় প্রাপ্ত ফলাফল তুলে ধরেন বিআইবিএমের অধ্যাপক এবং পরিচালক (প্রশিক্ষণ) ড. শাহ মো. আহসান হাবীব। তিনি বলেন, সম্প্রতি একটি রপ্তানি আদেশের বিপরীতে ২৬টি প্রতিষ্ঠান পণ্য রপ্তানি করার পরও পেমেন্ট পায়নি। আমদানিকারককে খুঁজে পাওয়া যায়নি। ৬০০ কোটি টাকা অনিয়মের ঘটনা পরবর্তীতে সবার নজরে আসে। "ক্রেডিট রিপোর্ট অনুসারে যথাযথ ব্যবস্থা নিলে এ ধরনের ঘটনা ঘটতো না; বৈদেশিক বাণিজ্যের ঝুঁকি ও খরচও অনেকাংশে কমিয়ে আনা সম্ভব। এ জন্যে বাংলাদেশ ব্যাংক কিংবা ব্যাংকিং খাতের সংগঠন মিলে ক্রেডিট রিপোর্টের জন্যে তথ্যভাণ্ডার সৃষ্টির উপর জোর দিয়ে গবেষক দলের প্রধান বলেন, "এতে কোনো দুর্বল ও ভুয়া ক্রেডিট রিপোর্ট সরবরাহের সুযোগ থাকবে না। আর্ন্তজাতিক বাণিজ্যে ব্যাংকিং খাতের ঝুঁকি অনেকাংশে কমে আসবে।"

ঈদের আগে রেমিটেন্স বৃদ্ধি

ঈদ সামনে রেখে প্রবাসীরা দেশে বেশি টাকা পাঠানোয় মে মাসে ১৪৮ কোটি ২৮ লাখ ডলারের রেমিটেন্স যোগ হয় কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভে। একক মাসের হিসাবে এই অংক গত চার বছরের মধ্যে সর্বোচ্চ এবং এ যাবৎকালের দ্বিতীয় সর্বোচ্চ রেমিটেন্স। রেমিটেন্স প্রবাহ গত কয়েক মাস ধরে বাড়তে থাকায় অর্থবছর শেষ হওয়ার এক মাস বাকি থাকতেই গত অর্থবছরের চেয়ে ৬ দশমিক ৩ শতাংশ বেশি প্রবাসী আয় পায় বাংলাদেশ।

এর আগে ২০১৪ সালের জুলাই মাসে বাংলাদেশের ইতিহাসে সর্বোচ্চ ১৪৯ কোটি ২৪ লাখ ডলারের রেমিটেন্স আসে দেশে। মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, 'প্রতিবারের মত এবারও ঈদ সামনে রেখে বেশি রেমিটেন্স পাঠাচ্ছেন প্রবাসীরা।' ঈদ পর্যন্ত এই ধারা অব্যাহত থাকবে

বলেই তিনি মনে করছেন: "আশা করছি চলতি অর্থবছর শেষে রেমিটেন্স ১৫ বিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে।"

'স্প্রেড ৪ শতাংশে নামাতে হবে'

ঋণের সুদহার কমিয়ে স্প্রেড (ব্যাংক ঋণ এবং আমানতের সুদহারের মধ্যে ব্যবধান) ৪ শতাংশে নামিয়ে আনতে ব্যাংকগুলোকে নির্দেশ দেয় বাংলাদেশ ব্যাংক। সম্প্রতি সব ব্যাংকের প্রধান নির্বাহীদের কাছে পাঠানো এক সার্কুলারে এ নির্দেশ দেয় কেন্দ্রীয় ব্যাংক। ২০১৫ সালের ২৮ ডিসেম্বর জারিকৃত সার্কুলারে কার্ড ও ভোক্তাঋণ ছাড়া অন্যান্য খাতে ঋণ এবং আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান (স্প্রেড) ৫ শতাংশের মধ্যে সীমিত রাখার নির্দেশনা প্রদান করা হয়। সেই সার্কুলার পরিবর্তন করে বলা হয়, সাম্প্রতিক সময়ে লক্ষ করা যাচ্ছে যে, ব্যাংকগুলো বিভিন্ন প্রকার ঋণের সুদহার ক্রমাগতভাবে বৃদ্ধি করছে। ঋণের সুদহার অযৌক্তিক মাত্রায় বৃদ্ধি করা হচ্ছে যা উদ্বেগজনক। বলা হয়: "এ পরিপ্রেক্ষিতে উৎপাদনশীল খাতসহ বিভিন্ন খাতে ঋণের সুদহার যৌক্তিক পর্যায়ে নির্ধারণের লক্ষ্যে ক্রেডিট কার্ড ও ভোক্তাঋণ ছাড়া অন্যান্য খাতে ঋণ এবং আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান ৪ শতাংশের মধ্যে সীমিত রাখার জন্য আপনাদেরকে নির্দেশনা দেয়া যাচ্ছে।"

এক বছরে বন্ধ হয় ১৬ লাখ ব্যাংক একাউন্ট

এক বছরে ১৬ লাখ ব্যাংক হিসাব বন্ধ হওয়ার তথ্য তুলে ধরে বিআইবিএম বলছে, এটা ব্যাংকের উপর গ্রাহকদের অসন্তোষের প্রমাণ। ব্যাংক খাতে অনিয়ম-দুর্নীতি নিয়ে ব্যাপক আলোচনার মধ্যে সম্প্রতি ঢাকায় এক আলোচনা অনুষ্ঠানে উপস্থাপিত এক গবেষণা প্রতিবেদনে হিসাব বন্ধের এই চিত্র তুলে ধরা হয়। এতে বলা হয়, গ্রাহকরা অসন্তুষ্ট হয়ে ২০১৭ সালে ১৬ লাখ ৫২ হাজার ৮৮১টি ব্যাংক হিসাব বন্ধ করে দেয়, যা দেশের মোট ব্যাংক হিসাবের সাড়ে ১২ শতাংশ। এর আগে ২০১৪ সালে মোট গ্রাহকের ৮ দশমিক ৬০ শতাংশ অসন্তুষ্ট হয়ে ব্যাংক হিসাব বন্ধ করে দেয় বলে পরিসংখ্যান দেওয়া হয়। ২০১৫ সালে এ ধরনের গ্রাহক সংখ্যা বেড়ে দাঁড়ায় ৯ দশমিক ৪২ শতাংশ। ২০১৬ সালে এই সংখ্যা আরও বেড়ে ১১ দশমিক ৬৪ শতাংশে দাঁড়ায়। পরের বছর তাও ছাড়িয়ে যায়। 'সাসটেইনেবিলিটি ইন সার্ভিস কোয়ালিটি অ্যান্ড কাস্টমার্স কনফর্মিটি : ড্রাইভার্স অফ কাস্টমার্স লয়ালিটি টু ব্যাংকস' শীর্ষক অনুষ্ঠানে ব্যাংকের প্রতি গ্রাহকদের আস্থা দিন দিন কমে যাওয়ার দিকটি নিয়ে আলোচনা করে এই থেকে উত্তরণে নানা পরামর্শ দেওয়া হয়।

সিএসইর ট্রেক হোল্ডার ও তালিকাভুক্ত কোম্পানির স্পন্সর শেয়ারহোল্ডারদের লেনদেনভিত্তিক আয়কর পরিশোধ

অর্থ-বছর	সিএসইর ট্রেক হোল্ডারদের দৈনিক লেনদেনের ওপর ০.০৫% হারে কর	স্পন্সর শেয়ার হোল্ডারদের দ্বারা শেয়ার/মিউচ্যুয়াল ফান্ড ট্রান্সফারের মাধ্যমে অর্জিত মূলধনী লাভের ওপর ৫% হারে কর
২০১৬-২০১৭	Sec 53 BBB অনুযায়ী	Sec 53 M অনুযায়ী
মাস	টাকা	টাকা
জুন ২০১৭	৮২,১৯,০১৪.৯০	২৩,২১.২২৫.০০
জুলাই ২০১৭	১,৩০,৪৩,৯১১.০৮	২,০৮,০১,১০৭.০০
আগস্ট ২০১৭	১,২১,৪২,৮৭২.৮১	১,৭১,৯২,৯৯৯.০০
সেপ্টেম্বর ২০১৭	১,২৮,৫৫,২৮৫.৯৬	১৪,৩৫,৮৬,৮৩১.০০
অক্টোবর ২০১৭	১১১,১১,৪৭৭.৮১	২,২৮,৬৮,৬৫৬.০০
নভেম্বর ২০১৭	১,১৪,৭৫,৪০৪.৪৮	২,১৯,২২৩.৬২
ডিসেম্বর ২০১৭	৭৩,৪৮,৪৫৫.০৬	,৫৪,৩০,৮৫০.৬১
জানুয়ারি ২০১৮	৬৩,০০,৬৫৯.৯৪	১,১৫,৯৩,১৯৬.০০
ফেব্রুয়ারি ২০১৮	৫৭,৩৬,৬৮৫.৫৪	১,১৭,২৮,৭২১.০০
মার্চ ২০১৮	৪৩,০১,৬৫৬.৮০	১৭,৪৮,৩০০.০০
এপ্রিল ২০১৮	৯৭,৯৭,২৯২.২৮	১১,৯৫,০০,৬৫৯.০০
মে ২০১৮	৪৯,৩৭,৬৭৬.০৬	৩৪,৫৬,১২১.০০

কর্পোরেট সংবাদ

ক্রেডিট রেটিং

ক্রম	কোম্পানি	রেটিং নির্ধারক	রেটিং	গত বছরের/গতবারের রেটিং	বর্তমান বিবেচিত প্রতিবেদন	অর্থবছর শেষ
১	মিরাকল ইন্ডাস্ট্রিজ	ক্রেডিট রেটিং ইনফরমেশন অ্যান্ড সার্ভিসেস লিঃ	দীর্ঘ মেয়াদে 'এ-' ও স্বল্প মেয়াদে 'এসটি-৩'	'বিবিবি+' ও 'এসটি-৩'	নিরীক্ষিত ও অ-নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন, অন্যান্য গুণগত ও পরিমাণগত তথ্য	৩০ জুন ২০১৭; ৩১ মার্চ ২০১৮
২	এভিনস্ টেক্সটাইলস	ক্রেডিট রেটিং কোম্পানি (বিডি) লিঃ	দীর্ঘ মেয়াদে 'বিবিবি২' ও স্বল্প মেয়াদে 'এসটি-৪'	-	নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং অন্যান্য গুণগত ও পরিমাণগত তথ্য	২০১৬-২০১৭
৩	বঙ্গজ লিঃ	ইমার্জিং ক্রেডিট রেটিং লিঃ	দীর্ঘ মেয়াদে 'বিবিবি+' ও স্বল্প মেয়াদে 'এসটি-৩'	-	অ-নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং অন্যান্য গুণগত ও পরিমাণগত তথ্য	৩১ মার্চ ২০১৮
৪	শাহজালাল ইসলামী ব্যাংক	ক্রেডিট রেটিং এজেন্সি অফ বাংলাদেশ লিঃ	দীর্ঘ মেয়াদে 'এএ২' ও স্বল্প মেয়াদে 'এসটি-২'	দীর্ঘ মেয়াদে 'এএ২' ও স্বল্প মেয়াদে 'এসটি-২'	নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং অন্যান্য গুণগত ও পরিমাণগত তথ্য	৩১ ডিসেম্বর ২০১৭
৫	এক্সিম ব্যাংক	ক্রেডিট রেটিং ইনফরমেশন অ্যান্ড সার্ভিসেস লিঃ	দীর্ঘ মেয়াদে 'এএ-' ও স্বল্প মেয়াদে 'এসটি-২'	দীর্ঘ মেয়াদে 'এএ-' ও স্বল্প মেয়াদে 'এসটি-২'	নিরীক্ষিত ও অ-নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং অন্যান্য গুণগত ও পরিমাণগত তথ্য	৩১ ডিসেম্বর ২০১৭; ৩১ মার্চ ২০১৮
৬	এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্স্যুরেন্স	অলফা ক্রেডিট রেটিং লিঃ	দীর্ঘ মেয়াদে 'এএ' ও স্বল্প মেয়াদে 'এসটি-১'	দীর্ঘ মেয়াদে 'এ+' ও স্বল্প মেয়াদে 'এআর-২'	নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং অন্যান্য গুণগত তথ্য	৩১ ডিসেম্বর ২০১৭; ২৩ মে ২০১৮
৭	ঢাকা ব্যাংক	ইমার্জিং ক্রেডিট রেটিং লিঃ	দীর্ঘ মেয়াদে 'এএ' ও স্বল্প মেয়াদে 'এসটি-২'	দীর্ঘ মেয়াদে 'এএ' ও স্বল্প মেয়াদে 'এসটি-২'	নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং অন্যান্য গুণগত ও পরিমাণগত তথ্য	৩১ ডিসেম্বর ২০১৭
৮	আইডিএলসি	ইমার্জিং ক্রেডিট রেটিং লিঃ	'এএএ' (দীর্ঘ মেয়াদে); 'এসটি-১' (স্বল্প মেয়াদে)	'এএএ' (দীর্ঘ মেয়াদে); 'ইসিআরএল-১' (স্বল্প মেয়াদে)	নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট গুণগত ও পরিমাণগত তথ্য	৩১ ডিসেম্বর ২০১৭

৯	মার্কেন্টাইল ব্যাংক	ইমার্জিং ক্রেডিট রেটিং লিঃ	'এএ' (দীর্ঘ মেয়াদে); 'এসটি-২' (স্বল্প মেয়াদে)	'এএ' (দীর্ঘ মেয়াদে); 'এসটি-২' (স্বল্প মেয়াদে)	নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং সংশিস্নষ্ট গুণগত ও পরিমাণগত তথ্য	৩১ ডিসেম্বর ২০১৭
১০	নর্দার্ন জেনারেল ইন্স্যুরেন্স	ARGUS ক্রেডিট রেটিং সার্ভিসেস লিঃ	'এএ-' (দীর্ঘ মেয়াদে); 'এসটি-২' (স্বল্প মেয়াদে)	'এ+' (দীর্ঘ মেয়াদে); 'এসটি-২' (স্বল্প মেয়াদে)	নিরীক্ষিত ও অ-নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং সংশিস্নষ্ট গুণগত ও পরিমাণগত তথ্য	৩১ ডিসেম্বর ২০১৭; জানুয়ারি-মার্চ ২০১৮
১১	সামিট পাওয়ার লিঃ	ক্রেডিট রেটিং ইনফরমেশন অ্যান্ড সার্ভিসেস লিঃ	'এএএ' (দীর্ঘ মেয়াদে); 'এসটি-১' (স্বল্প মেয়াদে)	'এএএ' (দীর্ঘ মেয়াদে); 'এসটি-১' (স্বল্প মেয়াদে)	নিরীক্ষিত ও অ-নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট গুণগত ও পরিমাণগত তথ্য	৩০ জুন ২০১৭; ৩১ ডিসেম্বর ২০১৭
১২	আমরা টেকনোলজিস	ন্যাশনাল ক্রেডিট রেটিংস লিঃ	'এএ-' (দীর্ঘ মেয়াদে); 'এসটি-২' (স্বল্প মেয়াদে)	'এএ-'	নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন	৩০ জুন ২০১৭
১৩	ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক	ইমার্জিং ক্রেডিট রেটিং লিঃ	'এএ' (দীর্ঘ মেয়াদে); 'এসটি-২' (স্বল্প মেয়াদে)	'এএ' (দীর্ঘ মেয়াদে); 'ইসিআরএল-২' (স্বল্প মেয়াদে)	নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট গুণগত ও পরিমাণগত তথ্য	৩১ ডিসেম্বর ২০১৭
১৪	ওয়ান ব্যাংক লিঃ	ইমার্জিং ক্রেডিট রেটিং লিঃ	'এএ' (দীর্ঘ মেয়াদে); 'এসটি-২' (স্বল্প মেয়াদে)	'এএ' (দীর্ঘ মেয়াদে); 'এসটি-২' (স্বল্প মেয়াদে)	নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট গুণগত ও পরিমাণগত তথ্য	৩১ ডিসেম্বর ২০১৭
